

ঢাকা ভাসিটিতে ক্লাস হচ্ছে : ছাত্র নেতাদের মধ্যে বৈঠক

স্টাফ রিপোর্টার : সংঘর্ষ-হাস্যমা এবং শিক্ষকদের কর্মবিরতির পর ঢাকা বিশ্ববিদ্যালয় মঙ্গলবার ছাত্রছাত্রীর পদচারণায় মুখর হয়ে ওঠে। মঙ্গলবার সকাল থেকেই যথারীতি ক্লাস অনুষ্ঠিত হয়।

এদিকে বিবদমান ছাত্র সংগঠন দুটির সমর্থকদের মধ্যে উত্তেজনা হ্রাস পেয়েছে। ছাত্র সংগঠন দুটির মধ্যে পারস্পরিক সমঝোতার ব্যাপারে নেতা পর্যায়ে আলোচনা ও মত বিনিময়ের প্রক্রিয়া শুরু হয়েছে। জানা গেছে, গত সোমবার একদফা আলোচনা অনুষ্ঠিত হয়েছে। বাম ধারার ছাত্র সংগঠনগুলো এই আলোচনায় মধ্যস্থতা করেছে।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট অফিসে সোমবার রাতে অনুষ্ঠিত বৈঠকে জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন, সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আলম, ছাত্রলীগের (ম-ই) সভাপতি মঈন উদ্দিন হাসান চৌধুরী, সাধারণ সম্পাদক ইকবালুর রহিম, ছাত্র ইউনিয়নের সভাপতি সাজ্জাদ জহির চন্দন, ছাত্রলীগের (বা-কা) সভাপতি রুহুল কুদ্দুস বাবু ও সাধারণ সম্পাদক আবদুল্লাহিল কাইয়ুম এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি বেলাল চৌধুরী ও সাধারণ সম্পাদক রাজ্জেকুজামান রতন উপস্থিত ছিলেন।

বৈঠকে ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই) ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু

পরিবেশ নিশ্চিত করার ব্যাপারে পরস্পরকে সহযোগিতার আশ্বাস দেয়। এই ব্যাপারে বিস্তারিত আলোচনার জন্য ছাত্র নেতৃবৃন্দ আজ পুনরায় বৈঠকে বসবেন।

আইন বিভাগের সভা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একাডেমিক কমিটির সভায় বিভাগীয় চেয়ারম্যান ও আইন অসুস্থদের ডীন ডঃ এম এরশাদুল বারী সম্পর্কে আপত্তিকর প্রোগান দেয়া, তার অফিস কক্ষের দরজায় লাগি মারা ও আইন বিভাগের কতিপয় শিক্ষক সম্পর্কে কটুক্তি, একজন ছাত্রকে প্রহার ও ২ রাউন্ড গুলিবর্ষণের প্রতিবাদ করা হয়।

সভায় সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ আরেফিন সিদ্দিকীর অফিস কক্ষ ভাঙচুর ও তার সম্পর্কে আপত্তিকর প্রোগান দেয়ারও নিন্দা করা হয়।

সভায় শিক্ষক সমিতিকে ডঃ বারীর সদস্যপদ বাতিলের সিদ্ধান্তটি পুনর্বিবেচনার অনুরোধ জানানো হয়।

সভায় ক্যাম্পাসে সকল প্রকার সন্ত্রাসী ঘটনার নিন্দা করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।

৮-এর পৃঃ ৪-এর কঃ ৫:

ঢাকা ভাসিটিতে ক্লাস হচ্ছে : ছাত্র নেতাদের মধ্যে বৈঠক

(প্রথম পৃষ্ঠার পর)

কর্মচারী সমিতির কর্মসূচী

কলা অনুষদের কর্মচারী বজলুর রহমান গত ৪ আগস্ট প্রহৃত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি এক সভায়

আগামী বৃহস্পতিবার এক দিনের প্রতীক ধর্মঘট পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। মঙ্গলবার অনুষ্ঠিত এক সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে রয়েছে বজলুর রহমানের চিকিৎসা এবং উপযুক্ত ক্ষতিপূরণের দাবি। খবর সংবাদ বিজ্ঞপ্তির।